R. N. No. 2532/57 | Phone No. 66-228, STD 03483 | Regd. No.—WB/MSD—4

দাদাঠাকুরের
সেরা বিদূষক
( ১ম ও ২য় খণ্ড )
মূল্য প্রতি খণ্ড ৭০ টাকা।
১২৫ টাকা পাঠালে দু'খণ্ড রেজিষ্ট্রী ডাকযোগে পাঠানো হবে।
দাদাঠাকুর প্রেস এণ্ড পাবলিকেশন
পোঃ রঘুনাথগঞ্জ, জেলা মুর্শিদাবাদ
পিন-৭৪২২২৫

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র
Jangipur Sambad, Raghunathganj, Murshidabad (W. B)
প্রতিষ্ঠাতা—স্বর্গত শরৎচন্দ্র পণ্ডিত ( দাদাঠাকুর )
প্রথম প্রকাশ ঃ ১৯১৪

জঙ্গীপুর আরবান কো-অপঃ
ক্রেডিট সোসাইটি লিঃ
রেজি নং—১২ / ১৯৯৬-৯৭
( মুর্শিদাবাদ জেলা সেন্ট্রাল
কো-অপারেটিভ ব্যাংক
অনুমোদিত )
ফোন ঃ ৬৬৫৬০
রঘুনাথগঞ্জ ।। মুর্শিদাবাদ

৮৪শ বর্ষ
৩৬শ সংখ্যা
রঘুনাথগঞ্জ ১৪ই মাঘ বুধবার, ১৪০৪ সাল।
২৮শে জানুয়ারী, ১৯৯৮ সাল।
নগদ মূল্য ঃ ১ টাকা
বার্ষিক ৪০ টাকা

## জঙ্গিপুর কেন্দ্র তৃণমূলকে ছেড়ে দেওয়ায় বিজেপি কর্মীরা ক্ষুব্ধ

রঘুনাথগঞ্জ ঃ আগত নির্বাচনে বিজেপি ও তৃণমূলের সমঝোতা হলো, তৃণমূল ২৯ ও বিজেপি ১৩ কেন্দ্র নিয়ে। তৃণমূলের কেন্দ্রের মধ্যে রয়েছে জঙ্গিপুর কেন্দ্র। এই নিয়ে বিজেপির স্থানীয় কর্মীরা রীতিমত ক্ষুব্ধ। তাঁদের পক্ষে রঘুনাথগঞ্জ ১নং ব্লকের মণ্ডল সভাপতি আশালতা সিংহ এবং পৌর মণ্ডলের প্রাক্তন সহ-সভাপতি আশীষ সিংহ রায় জানান—এই কেন্দ্রে বিজেপির ক্ষমতা যথেষ্ট রয়েছে। অপরদিকে তৃণমূলের এখানে কোন প্রভাবই নেই। সেক্ষেত্রে এই কেন্দ্র তাঁদের ছেড়ে দেওয়ার কোন যৌক্তিকতা নেই। যদিও হাই কমাণ্ডের নির্দেশ মেনে স্থানীয় কর্মীরা তৃণমূলের পক্ষেই কাজ করবেন। তবুও তাঁরা তাঁদের ক্ষোভের কথা উপরে জানাবেন বলে খবর। কিছু কিছু কর্মী নিজেদের খরচে বিজেপির হয়ে দমদম ও বহরমপুরে দলের প্রচার কাজে অংশ নেবার আর্জি জানান। তৃণমূলের জঙ্গিপুরের প্রার্থী মহঃ ফুরকান এবং মুর্শিদাবাদ কেন্দ্রের প্রার্থী সাগির হোসেন জানান তাঁদের হয়ে বিজেপির কর্মীরা দেওয়াল লিখন থেকে শুরু করে যাবতীয় কাজে সহযোগিতা করবেন।

## সম্পাদকের স্বৈরাচারী আচরণে মির্জাপুর উচ্চ বিদ্যালয়ে অচলাবস্থা

বিশেষ প্রতিবেদক ঃ মির্জাপুর দ্বিজপদ উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ের বর্তমান সম্পাদক পূর্ণচন্দ্র গোঁচির স্বৈরাচারী আচরণে অচলাবস্থা এমন অবস্থায় পৌঁছেছে যে শিক্ষকদের বেতন পেতেও বিলম্ব হয়েছে গত নভেম্বর মাসে। জানা যায় তিনি শিক্ষক ও কর্মীদের বেতনের এবং স্কুলের সবরকম এ্যাকাউন্টের ক্ষেত্রে ব্যাঙ্কে তাঁর আপত্তি জানিয়ে অযথা টাকা তোলা বা বেতন দেওয়ার ক্ষেত্রে প্রতিবন্ধকতা সৃষ্টি করেছেন। নূতন একজন ভূগোলের শিক্ষক নিয়োগের ক্ষেত্রে পরিচালন সমিতির নির্বাচিত নিয়োগ ডি, আই অব স্কুলস্ অনুমোদন করলেও, বর্তমানে সম্পাদক ঐ নিয়োগ অনুমোদিত করার জন্য যে পরিচালন কমিটির সভা প্রয়োজন তা ডাকছেন না। শিক্ষক প্রতিনিধিরা এ সম্বন্ধে বার বার জানানো সত্ত্বেও তিনি রহস্যজনকভাবে চুপচাপ আছেন। এই সভা না ডাকার ফলে ঐ শিক্ষক গত চার মাস বেতন পাচ্ছেন না। এমনকি অন্যান্য শিক্ষকদের প্রভিডেন্টফাণ্ড থেকে ঋণের দরখাস্তগুলিও মঞ্জুর হচ্ছে না। আরো জানা যায় তিনি শিক্ষকদের এমনকি প্রধান শিক্ষকের সঙ্গেও অশালীন ও দাম্ভিক ব্যবহার করেন। তাঁর প্ররোচনায় কয়েকজন অভিভাবক শিক্ষকদের উপস্থিতির বিলম্ব নিয়ে ছাত্রদের সম্মুখেই তাঁদের অপমানজনক কথাবর্তা বলেন বলে অভিযোগ। তিনি যে ঐ স্কুলের প্রাক্তন ছাত্র বা বর্তমানে একজন প্রাইমারী শিক্ষক। সেটা তাঁর কথাবার্তা বা চালচলনে বোঝা যায় না। চতুর্থ শ্রেণীর এক কর্মীর নিয়োগ নিয়ে তাঁর টাকা নেওয়ার কথা মির্জাপুর বাজারে এখনও লোকের মুখে ঘুরে বেড়াচ্ছে। পঞ্চায়েত সমিতির অর্থে স্কুল গৃহ নির্মাণের টাকা তাঁর তদারকিতে খরচ হলেও গৃহগুলি আজ পর্যন্ত অসমাপ্ত রয়েছে। ১০ হাজার টাকা স্কুল ফাণ্ড থেকে ঐ বাবদ ঋণ নেওয়া হলেও তার হিসাব দেওয়া হয়নি। এমনকি ঐ কাজের উদ্বৃত্ত কয়েক হাজার ইট তিনি কোথায় নিয়ে গেলেন সে খবরও কেউ জানে না। সম্পাদকের বিরুদ্ধে আর একটি অনৈতিক অভিযোগ—তিনি একাদশ শ্রেণীর কয়েকজন ফেল করা ছাত্র-ছাত্রীকে প্রমোশন দেবার জন্য প্রধান শিক্ষকের উপর চাপ সৃষ্টি করেন। মোট কথা— স্কুল সম্পাদকের স্বৈরাচারী মনোভাব ও অসাধুতা জোর কদমে এগিয়ে চলেছে।

## নির্বাচনী পর্যবেক্ষক মহকুমায় আসছেন

রঘুনাথগঞ্জ ঃ আগামী ৩০-৩১ জানুয়ারী নির্বাচন কমিশন থেকে জঙ্গীপুর মহকুমায় তিনজন অবজারভার বা পর্যবেক্ষকের দল আসছেন বলে মহকুমা শাসক মনীশ রায় জানান। তাঁরা মহকুমায় উত্তেজনাপ্রবণ বুথ কোনগুলি, নির্বাচন কমিশনের নির্দেশ সমস্ত রাজনৈতিক দল মানছে কিনা, প্রশাসন নির্বাচনী কাজ সুষ্টুভাবে পরিচালনা করছে কিনা ইত্যাদি বিভিন্ন নির্বাচনী কাজ পর্যবেক্ষণ করবেন। অন্যদিকে কমিশনের নির্দেশানুযায়ী এবার ভোটকর্মীদের নিজ এলাকার কোন বুথে ডিউটি না দেওয়ায় যেসব কর্মী তদ্বির তদারকির মাধ্যমে (২য় পৃষ্ঠায়)

## ধর্ষিতা মহিলা থানা বা অঞ্চল থেকে কোন বিচার পেলেন না

নিজস্ব সংবাদদাতা ঃ গত ১২ ডিসেম্বর রঘুনাথগঞ্জ-১ ব্লকের রাণীনগর অঞ্চলের কাশিয়াবোনা গ্রামের জনৈকা সম্মানী বেওয়া কংগ্রেসের প্রভাবশালী কর্মীর পুত্র সেরাজুল সেখের দ্বারা ধর্ষিতা হন। তারপর এই একমাস ধরে তিনি রঘুনাথগঞ্জ থানা ও রাণীনগর অঞ্চল প্রধানকে বার বার সবকিছু জানিয়েও কোন বিচার পান না। বর্তমানে সম্মানী ঐ ধর্ষণের ফলে অন্তঃসত্ত্বা বলে খবর। গত ২২ জানুয়ারী রঘুনাথগঞ্জ থানার বড়বাবু তাঁকে এ ব্যাপারে মিটমাটের জন্য চাপ দেন ও ক্ষতিপূরণ স্বরূপ নগদ অর্থ নেওয়ার কথা বলেন। কিন্তু সম্মানী তাতে রাজী না হয়ে অগত্যা গত ২৩ জানুয়ারী একটি মামলা দায়ের করেন। এই মামলাটি পরিচালনার সম্পূর্ণ দায়িত্ব ( ২য় পৃষ্ঠায় )

বাজার খুজে ভালো চায়ের নাগাল পাওয়া ভার,
দার্জিলিঙের চূড়ায় ওঠার সাধ্য আছে কার?
শুনুন মশাই, স্পষ্ট কথা বাক্য পরিষ্কার
মনমাতানো দারুণ চায়ের ভাঁড়ার চা ভাণ্ডার।
সবার প্রিয় চা ভাণ্ডার, সদরঘাট, রঘুনাথগঞ্জ।
ফোন : আর জি জি ৬৬২০৫

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ

# জঙ্গিপুর সংবাদ

১৪ই মাঘ বুধবার, ১৪০৪ সাল।

## বন্‌ধ-এ কী হইবে ?

আগামী ৩রা ফেব্রুয়ারী বাংলা বন্‌ধ হইতে পারে এই রকম শুনা যাইতেছে। এস ইউ সি-র পক্ষ হইতে এই বন্‌ধ ডাকা হইতেছে। এই রাজ্যের প্রাথমিক বিদ্যালয়ে ইংরাজী শিক্ষার পুনঃ প্রবর্ত্তন এবং পরীক্ষায় পাশ-ফেল প্রথা পুনরায় চালু করিবার দাবীতে এই বন্‌ধ হইবে বলিয়া সংবাদে জানা গিয়াছে।

পশ্চিমবঙ্গের প্রাথমিক বিদ্যালয়ে ইংরাজী শিক্ষা অনেক দিন হইতে রহিত করা হইয়াছে। মাধ্যমিক বিদ্যালয়ে ষষ্ঠ শ্রেণী হইতে ইংরাজী শিক্ষারম্ভের সরকারী নির্দেশ ছিল। সরকারী আদেশে প্রাথমিক স্তরে পাশ-ফেল প্রথা রদ করা হয়। ইংরাজী শিক্ষা উঠাইয়া দেওয়া এবং পাশ-ফেল না রাখার পক্ষে ও বিপক্ষে এ যাবৎ অনেক কথা শুনা গিয়াছে। এখন এই দাবীতে বন্‌ধের আয়োজন হইতে চলিয়াছে।

আমাদের এই রাজ্যে শিক্ষাসংক্রান্ত নানা পরীক্ষা-নিরীক্ষা দীর্ঘদিন ধরিয়া চলিতেছে। সুষ্ঠু ও কার্যকরী স্থায়ী ব্যবস্থা অদ্যাবধি হয় নাই। একটা ব্যবস্থা কিছুদিন চলিল; আবার তাহা বদলান হইল, দেখা গিয়াছে। মাধ্যমিক স্তরে এগার শ্রেণী, ইহার পর প্রি-ইউনিভার্সিটি কোর্স এক বছরের এবং তৎপর ডিগ্রি কোর্স-এর ব্যবস্থা ছিল। পরে উহা দশ শ্রেণীর মাধ্যমিক, তাহার পর এগার-বার শ্রেণীর উচ্চতর মাধ্যমিক এবং তৎপরে ডিগ্রি কোর্স শিক্ষা ব্যবস্থা হইল। এখন এইরূপ চলিতেছে।

মাধমিক শ্রেণীর ইংরাজী শিক্ষায় যে মান, উচ্চতর মাধ্যমিকে সে মানের সহিত সামঞ্জস্য নাই। মাধ্যমিকে ইংরাজীতে অনেকে বাজিমাৎ করিয়া উচ্চতর মাধ্যমিকে উহাতে 'ব্যাক' পান। শুধু ইংরাজী নয়, অন্যান্য বিষয়েও মাধ্যমিক, উচ্চতর মাধ্যমিক এবং ডিগ্রি কোর্সে সামঞ্জস্য কম।

মাতৃদুগ্ধের যেমন বিকল্প নাই শিশুর ক্ষেত্রে, তেমনি প্রাথমিক স্তরের শিক্ষার্থীর পক্ষে মাতৃভাষার বিকল্প নাই, সত্য। কিন্তু ষষ্ঠ শ্রেণীতে ইংরাজী আরম্ভ যাহারা করিতেছে, তাহারা সপ্তম শ্রেণী হইতে পৃথক ধাঁচার ইংরাজী শিক্ষায় অসুবিধায় পড়ে। শিক্ষার্থীরা যাহাতে কোনও অসুবিধায় না পড়ে, তাহা দেখা দরকার। অনেকে এইজন্য ৩য় ও ৪র্থ শ্রেণী হইতে সামান্য আকারে ইংরাজী শিক্ষাদানের পক্ষপাতী।

অতঃপর প্রাথমিক বিদ্যালয়ে পাশ-ফেল প্রথা রদ করার প্রসঙ্গ। এই বিষয়ে ছাত্রেরা বেশ উপকৃত হয়। তাহারা পাঠ্য বিষয়ে কতটুকু জ্ঞানলাভ করিল, তাহার একটা সমীক্ষার ব্যবস্থা আছে। তবে তাহাতে উত্তীর্ণ বা অনুত্তীর্ণ হওয়ার কোন প্রশ্ন থাকে না। ছাত্রেরা ধরিয়া লয়, তাহারা পরের শ্রেণীতে উঠিবে। এই কারণে অনেকেই পড়াশুনায় তত নিষ্ঠাবান হয় না। 'ক', 'খ', 'গ' প্রভৃতি মার্কা লইয়া তাহারা বিদ্যালয় ত্যাগের ছাড়পত্র পায়। মাধ্যমিক বিদ্যালয়-সমূহে ভর্তি পরীক্ষায় অনেকে এক, দুই বা শূন্য নম্বর পায়। পাশ-ফেল প্রথা চালু থাকিলে শিক্ষার্থীরা সতর্ক হইয়া পড়াশুনা করিতে পারে।

বন্‌ধ-এর ফলে শ্রমদিবসের ক্ষতি, আর্থিক ক্ষতি, স্কুল-কলেজে ছুটি, অফিসে অঘোষিত ছুটি হইতে পারে; কিন্তু মূল সমস্যার সমাধান তাহাতে হইবে না। রাজ্যে শিক্ষার যে সমস্যা, তাহার জন্য সরকার এবং দলমত নির্বিশেষে শিক্ষাব্রতীদের সম্মিলিত চিন্তা ভাবনার মাধ্যমে যুক্তিযুক্ত কার্যকরী ব্যবস্থা অবলম্বিত হওয়া দরকার।

## ভোটের ছড়া (৩)

দুর্মুখ

(গান)

তৃণমূল : আমার যেমন বেণী তেমনি রবে
চুল ভিজাবো না।
সমঝোতা হলো উনত্রিশ তেরো
বজেপির প্রচার করবো না॥

বিজেপি : বঁধু, ওতেই হবে, ওতেই হবে
বেশি কিছু নাহি চাই।
রজকিনী প্রেম নিকষিত হেম
কাম গন্ধ নাহি তায়॥
শোন, রজকিনী রামী,
ও দুটি চরণ শীতল জানিয়া
শরণ লইনু আমি॥

কংগ্রেস : সই, কেমনে ধরিব হিয়া
আমার বঁধুয়া আন বাড়ী যায়
আমার আঙ্গিনা দিয়া॥

সিপিএম : মোদেরে বধিতে প্রাণে।
বৃথা ও পীরিতি,
ছাড়ি নিজ পতি,
উপপতি আকর্ষণে॥

সকল বাম কোরাসে :
জানি জাত যাবে পেট ভরবে না।
তোমারও পীরিতি
জানি কামরীতি
জাত যাবে পেট ভরবে না॥

## রাজ্যস্তরের প্রতিযোগিতায় সাফল্য

রঘুনাথগঞ্জ : সারা বাংলা নেতাজী জন্মশতবর্ষ কমিটি আয়োজিত রাজ্যস্তরের প্রতি-যোগিতায় রঘুনাথগঞ্জ রবিমঞ্চ সংস্থার ছাত্রী নিবেদিতা মুখার্জী সংগীতে 'গ' বিভাগে দ্বিতীয় স্থান অধিকার করেছেন। এই প্রতিযোগিতায় আবৃত্তিতে দ্বিতীয় স্থান অধিকার করেছেন নবনীতা মুখার্জী। এরা দু'জনেই জঙ্গিপুর উচ্চতর বিদ্যালয়ের একাদশ শ্রেণীর ছাত্রী। এই প্রতিযোগিতাটি অনুষ্ঠিত হয়েছিল গত ১৮ জানুয়ারী কলিকাতার প্রেসিডেন্সী কলেজে। ২১ জানুয়ারী সুবোধ মল্লিক স্কোয়ারে এক অনুষ্ঠানে এদের পুরস্কার ও শংসাপত্র দেওয়া হয়।

## লায়ন্স ক্লাবের চক্ষু অপারেশন শিবির

রঘুনাথগঞ্জ : গত ২৬ জানুয়ারী লায়ন্স ক্লাব অব জঙ্গিপুরের ব্যবস্থাপনায় স্থানীয় রবীন্দ্রভবনে এক চক্ষুছানি অপারেশন শিবির অনুষ্ঠিত হয়। ডাঃ আবদুস সামাদের নেতৃত্বে মোট ৫৩ জনের অপারেশন হয়।

## মহকুমায় আসছেন (১ম পৃষ্ঠার পর)

নিজেরা পছন্দ অনুযায়ী বুথ বেছেছিলেন তা বাতিল হয়ে গেছে। জানা যায় জঙ্গীপুর এলাকার কর্মীদের অরঙ্গাবাদ এলাকার বুথে ভোট গ্রহণের মত মহকুমার ভোট কর্মীদের নিজের এলাকা ছেড়ে অন্য এলাকায় ডিউটি করতে হবে। এদিকে জঙ্গিপুরের কংগ্রেস প্রার্থী আবুল হাসান খান চৌধুরী মঙ্গলজন এলাকার বিড়ি কোম্পানীর একটি ঘরে কংগ্রেস (ই) অফিস করে সুতীর বিধায়ক মহঃ সোহরাবকে নির্বাচনী এজেন্ট করে নির্বাচন পরিচালনা করবেন বলে জানা যায়। আগামী ১০-১৩ ফেব্রুয়ারী পর্যন্ত সাংসদ ও জঙ্গীপুরের কংগ্রেস প্রার্থীর দাদা এ বি এ গণিখান চৌধুরী জঙ্গীপুরে থেকে প্রকাশ্য জনসভা করে ভাই-এর হয়ে প্রচারে নামছেন বলে দলীয় সূত্রে খবর।

## বিচার পেলেন না (১ম পৃষ্ঠার পর)

নেন সারা ভারত মহিলা সাংস্কৃতিক সংগঠন পক্ষে অনুরাধা মণ্ডল। শ্রীমতী মণ্ডল বলেন আমরা সম্মানী বেওয়ার পক্ষে লড়াই করবো এবং মহামান্য আদালতের রায়ের অপেক্ষা করবো। সম্মানীর মত আমরাও দোষীর শাস্তি দাবী করি। যেহেতু অপরাধী সেরাজুল কংগ্রেসের এক প্রভাবশালী নেতার পুত্র, তাই এই দুষ্কর্মের জন্য থানা বা পঞ্চায়েত অপরাধীকে রক্ষার চেষ্টা চালাচ্ছে বলে মনে করছেন মহিলা সংগঠন। অন্যদিকে রঘুনাথগঞ্জ থানার ওসি জানান—ঘটনাটি গত ১২ ডিসেম্বর ঘটলেও পুলিশকে কিছু জানানো হয়নি। এটাকে নিয়ে এতদিন রাজনৈতিক খেলা চলছিল। ২২ জানুয়ারী সম্মানী বেওয়া থানায় এলে তিনি সবকিছু শুনে ২৩ জানুয়ারী তাঁর অভিযোগ লিপিবদ্ধ করেন।

### পরলোকে প্রাথমিক শিক্ষক


সাগরদীঘি : গত ১২ জানুয়ারী এই থানার বোখারা গ্রামের অধিবাসী তথা দোহালী প্রাথমিক বিদ্যালয়ের প্রাক্তন শিক্ষক সবিতারঞ্জন বন্দ্যোপাধ্যায় ( ৬৫ ) জঙ্গিপুর হাসপাতালে ক্ষয়রোগে শেষ নিশ্বাস ত্যাগ করেন। মৃত্যুকালে তিনি এক ছেলে ও এক মেয়ে রেখে যান। সবিতা বাবু 'নান্টু বাবু' নামেই বেশী পরিচিত ছিলেন। বছর ছয়/সাত বৎসর আগে এক অগ্নি দুর্ঘটনার ফলে নান্টুবাবুর স্ত্রী ও মেয়ে একসঙ্গে মারা যান। তখন থেকেই তিনি মানসিকভাবে ভেঙ্গে পড়েন এবং স্বেচ্ছায় অবসর নেন।

### নেতাজী জন্মশতবর্ষপূর্তি উৎসব

জঙ্গিপুর : স্থানীয় কলেজের শিক্ষক-ছাত্র-শিক্ষাকর্মীগণের উদ্যোগে নেতাজীর শতবর্ষপূর্তি উৎসাহ ও উদ্দীপনার মধ্যে অনুষ্ঠিত হল ২২ জানুয়ারী। অনুষ্ঠানে পৌরোহিত্য করেন পরিচালন সমিতির সভাপতি মৃগাঙ্ক ভট্টাচার্য। পশ্চিমবঙ্গ কলেজ সার্ভিস কমিশনের সদস্য পবিত্র গুপ্ত প্রধান বক্তার ভাষণে স্বাধীনতা সংগ্রামে নেতাজীর অবদানের পুনর্মূল্যায়ন করেন। অধ্যাপক কাশীনাথ ভকত নেতাজীর রাষ্ট্রীয়ভাবনা ও স্বদেশচেতনার উপর সংক্ষিপ্ত ভাষণ দেন। দেশাত্মবোধক সঙ্গীত পরিবেশন করেন মানিক চট্টোপাধ্যায়, গণনাট্যের শিশুশিল্পীরা এবং অদিত দাস। আবৃত্তি করেন প্রবীর চক্রবর্ত্তী। ভারতীয় গণনাট্য সংঘের জঙ্গিপুর শাখা কর্তৃক সমবেত সঙ্গীত দর্শকদের আনন্দ দেয়।

### গৃহবধূ ধর্ষিতা

ফরাক্কা : গত ১৮ জানুয়ারী রাতে এই থানার পলাশী গ্রামের জনৈকা গৃহবধূ অঞ্জনা পাল ধর্ষিতা হন। খবর ঐ দিন রাত প্রায় ১১টার সময় ঐ গ্রামের দিলীপ ঘোষ অঞ্জনার বাড়ী চড়াও হয়ে তাঁকে ধর্ষণ করে। অঞ্জনার স্বামী গত বছর মারা যান। ২১ জানুয়ারী থানায় অভিযোগ জানানো হলেও খবর লেখা পর্যন্ত দিলীপকে গ্রেপ্তার করা হয়নি বলে জানা যায়।



### নেতাজীর জন্মশতবর্ষ উদযাপন

সাগরদীঘি ঃ সারা বাংলা নেতাজী সুভাষচন্দ্র বসু জন্মশতবর্ষ উদযাপন কমিটির শাখা সাগরদীঘি ব্লক কমিটি হাইস্কুলের উত্তরপ্রান্তে ছয় ফুট নেতাজীর মূর্ত্তি স্থাপনের সিদ্ধান্ত গ্রহণ করেছেন। এই উপলক্ষে ২৩ জানুয়ারী হাইস্কুল মঞ্চে এক সভার আয়োজন করা হয়। সাংস্কৃতিক ও দৌড় প্রতিযোগিতারও আয়োজন ছিল। মনিগ্রাম রেলগেট থেকে সাগরদীঘি হাইস্কুল মাঠ ৮ কিমি রাস্তাদৌড় প্রতিযোগিতায় জেলার বিভিন্ন প্রান্ত থেকে ২২ জন প্রতিযোগী অংশ গ্রহণ করেন। মনিগ্রাম ক্যাথলিক চার্চের ফাদার জর্জ টি বি প্রতিযোগীদের শুভেচ্ছা জানান। অনুষ্ঠানে অংকন, আবৃত্তি, সঙ্গীত, বিতর্ক, গল্প বলা, প্রবন্ধ রচনা, প্রবন্ধ পাঠ, স্বরচিত কবিতা পাঠ, ক্যুইজ, গণসঙ্গীত প্রতিযোগিতা ছিল। সভায় সভাপতিত্ব করেন অমলেন্দু মাজি। সভায় কবি হৃদয়রঞ্জন কাব্যতীর্থ, অসিতকুমার মুখার্জী প্রমুখ বহু বক্তা নেতাজীর আদর্শ বর্ণনা করেন। ব্লক কমিটির সভাপতি লক্ষীনারায়ণ বন্দ্যোপাধ্যায় এই মূর্ত্তি স্থাপনের জন্য সকল মানুষকে অংশগ্রহণ করতে আহ্বান জানান।


## সবার সেরা বাটার জুতো

ছেলে বুড়ো তরুণ-তরুণী সবার মুখে হাসি ফোটাতে চাই বাটার জুতো। জুতোর জগতে সেরা নাম একটাই 'বাটা'। বাটার সবরকম জুতোর সমারোহ আমাদের এখানে, এই শহরেই। আসুন পছন্দসই বাটার জুতো কিনুন। টেকসই, পছন্দসই, মানানসই সব বয়সের জন্য।

Bata

অনুমোদিত ডিলার—

**অরিজিৎ দে**

( ডি. আই. পি দুলুর দোকানের পাশে )

রঘুনাথগঞ্জ দরবেশপাড়া





আর কোথাও না গিয়ে আমাদের এখানে অফুরন্ত সমস্ত রকম সিল্ক শাড়ী, কাঁথা ষ্টিচ করার জন্য তসর থান, কোরিয়াল, জামদানী জোড়, পাঞ্জাবীর কাপড়, মুর্শিদাবাদ পিওর সিল্কের প্রিন্টেড শাড়ীর নির্ভরযোগ্য প্রতিষ্ঠান।

উচ্চ মান ও ন্যায্য মূল্যের জন্য পরীক্ষা প্রার্থনীয়।

## বাঘিড়া ননী এণ্ড সন্স

মির্জাপুর ।। গনকর

ফোন নংঃ গনকর ৬২০২৯


### ত্রিদিব চৌধুরীর স্মরণ সভা

সাগরদীঘি ঃ গত ২৫ জানুয়ারী সাগরদীঘি হাইস্কুলে স্থানীয় আর এস পি সংগঠনের পক্ষে জননেতা বিপ্লবী ত্রিদিব চৌধুরীর মৃত্যুতে এক স্মরণ সভা অনুষ্ঠিত হয়। আর এস পির থানা সম্পাদক হায়াত আলী ও অন্যান্য গুণমুগ্ধরা তাঁর প্রতিকৃতিতে মাল্য দান করেন ও বক্তব্য রাখেন।

### যোগাসনে চতুর্থ বৈরাগী রবীন্দ্রনাথ

রঘুনাথগঞ্জ ঃ 'জঙ্গিপুর প্রতিবাদ' পত্রিকার সম্পাদক বৈরাগী রবীন্দ্রনাথ হালদার সর্বভারতীয় যোগাসন প্রতিযোগিতায় চতুর্থ স্থান দখল করেছেন বলে খবর। গত ২৬-২৮ ডিসেম্বর'৯৭ কলিকাতার ক্ষুদিরাম অনুশীলন কেন্দ্রে এই প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়।


সকলকে অভিনন্দন জানাই—

## রঘুনাথগঞ্জ ব্লক নং-১
## রেশম শিল্পী সমবায় সমিতি লিঃ

( হ্যাণ্ডলুম ডেভেলপমেণ্ট সেন্টার )

রেজিঃ নং—২০ ✱ তারিখ—২১-২-৮০

গ্রাম মির্জাপুর ।। পোঃ গনকর ।। জেলা মুর্শিদাবাদ

ফোন নং—৬২০২৭



ঐতিহ্যমণ্ডিত সিল্ক, গরদ, কোরিয়াল জামদানী জাকার্ড, সার্টিং থান ও কাঁথাষ্টিচ শাড়ী, প্রিন্ট শাড়ী সুলভ মূল্যে পাওয়া যায়।

✪ সততাই আমাদের মূলধন ✪

| জয়ন্ত বাঘিড়া | ধনঞ্জয় কাদিয়া | অচিন্ত্য মনিয়া |
|---|---|---|
| সভাপতি | ম্যানেজার | সম্পাদক |



আপনাদের সেবায় দীর্ঘ পনের বছর যাবৎ নিয়োজিত

## ✚ অন্নপূর্ণা হোমিও ক্লিনিক ✚

রঘুনাথগঞ্জ ★ ফুলতলা ✱ মুর্শিদাবাদ

( সবজী বাজারের বিপরীত দিকে )

প্রোঃ প্রখ্যাত হোমিও চিকিৎসক— ডাঃ সাহা

ডি. এম. এস ( কলি ), পি. ই. টি (ডাবলু, টি), এফ. ডাবলু. টি ( আই. আর. সি. এস )

এখানে বিদেশী ঔষধ ও অত্যাধুনিক যন্ত্রপাতি দ্বারা সুচিকিৎসার ব্যবস্থা আছে। পেটের আলসার, কিডনির পাথর, বন্ধ্যা, কানের পুঁজ, পোলিও এবং প্যারালিসিস রোগের চিকিৎসা গ্যারান্টি সহকারে করা হয়।

হ্যাপকো এবং জার্মানীর হোমিও ঔষধ, সার্জিক্যাল, ডেন্টাল ও সর্বপ্রকার ডাক্তারী ইনষ্ট্রুমেন্ট ও পার্টস, মেডিক্যাল পুস্তক, ডাক্তারী লেদার ব্যাগ, টিঞ্চার ও কেমিক্যাল গ্রুপের ঔষধ, ফাষ্ট এড বক্স-এর সকলপ্রকার ঔষধ পাওয়া যায়।

বিঃ দ্রঃ—হারনিয়াল বেল্ট, এল, এস, বেল্ট, সারভাইক্যাল কলার 'কানের ভল্যুম কনট্রোল মেসিন ইত্যাদিও পাওয়া যায়।


দাদাঠাকুর প্রেস এণ্ড পাবলিকেশন, পোঃ রঘুনাথগঞ্জ ( মুর্শিদাবাদ ) পিন ৭৪২২২৫ হইতে সত্বাধিকারী অনুত্তম পণ্ডিত কর্তৃক সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত।